# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

## হাদিস নাম্বারঃ ১৬৩৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬২৮]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (كتاب الأمور المنهي عنها)

পরিচ্ছেদঃ ২৯১ : বেগানা নারীর সঙ্গে নির্জনে একত্র বাস করার নিষেধাজ্ঞা

(291) بَابُ تَحْرِيْمِ الْخَلْوَةِ بِالْأَجْنَبِيَةِ

---

আরবী

وَعَنْ عُقبَةَ بنِ عَامِرٍ رَضِيَ اللهُ عَنْهَ : أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، قَالَ: «إيَّاكُمْ وَالدُّخُولَ عَلَى النِّسَاءِ !» فَقَالَ رَجُلٌ مِنَ الأَنْصَارِ : أَفَرأيْتَ الحَمْوَ ؟ قَالَ: «الحَمْوُ المَوْتُ !» . متفق عَلَيْهِ

বাংলা

আল্লাহ তা’আলা বলেছেন,

وَإِذَا سَأَلْتُمُوهُنَّ مَتَاعًا فَاسْأَلُوهُنَّ مِنْ وَرَاءِ حِجَابٍ

অর্থাৎ তোমরা তাদের নিকট হতে কিছু চাইলে পর্দার অন্তরাল হতে চাও। (সূরা আহযাব ৫৩ আয়াত)

---

১/১৬৩৬। উকবা ইবনে আমের রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ’’তোমরা [বেগানা] নারীদের নিকট [একাকী] যাওয়া থেকে বিরত থাক।’’ [এ কথা শুনে] জনৈক আনসারী নিবেদন করল, ’স্বামীর আত্মীয় সম্পর্কে আপনার অভিমত কি?’ তিনি বললেন, ’’স্বামীর আত্মীয় তো মৃত্যুসম [বিপজ্জনক]।’’ (বুখারী ও মুসলিম) [1]

---

**’স্বামীর আত্মীয়’ যেমন, তার ভাই, ভাইপো, চাচাতো [মামাতো, খালাতো ফুফাতো] ভাই ইত্যাদি।

[প্রকাশ থাকে যে, স্বামীর ছোট ভাই কোন মুসলিম মহিলার ’দেওর’ ’দেবর’ বা দ্বিতীয় বর হতে পারে না। মহিলার উচিত, তাকে দ্বিতীয় বর বা উপহাসের পাত্র মনে না করে নিজ ছোট ভাই সম গণ্য করা। যেমন ঐ ভাইয়ের উচিত, ভাবীকে ’ভাবের ই’ মনে না করে নিজ বড় বোন সম গণ্য করা।]

## English

(291) Chapter: Prohibition of Meeting a non-Mahram Woman in Seclusion

Allah, the Exalted, says:
"And when you ask (his wives) for anything you want, ask them from behind a screen.'' (33:53)

'Uqbah bin 'Amir (May Allah be pleased with him) said:
The Messenger of Allah (ﷺ) said, "Avoid (entering a place) in which are women (uncovered or simply to mix with them in seclusion)." A man from the Ansar said, "Tell me about the brother of a woman's husband." He replied, "The brother of a woman's husband is death."

[Al- Bukhari and Muslim].

Commentary: This Hadith tells us an extremely important point in respect of the veil about which the majority of Muslims are unaware or negligent. The point that it tells us that a woman must observe the veil from the real brothers, cousins etc., of her husband because their visits in her home are very frequent and there may occur several occasions when they come across each other alone. For this reason, there are greater chances of mischief with them. This explains why the husband's male relatives have been regarded as "death'', that is from the religious point of view they are fatal. In other words, if they commit the mischief, it will prove fatal because in an Islamic state this crime is punishable by Rajm (stoning to death). This can also be fatal in another way. If the husband begins to suspect that his wife has illicit relations with someone else, he might kill her or divorce her out of his sense of honour. Even in case of divorce, her life will become desolate. Another meaning of it can be that one should be as much afraid of meeting such women in seclusion with whom any kind of contact is not permissible as one is afraid of death.

When a woman is required to observe the veil from the real brothers of her husband, why would it not be essential to observe the veil from the husband's friends. Slackness in this matter is also very common nowadays. Although the dangerous consequences of this fashion come to our notice everyday through newspapers, people do not learn any lesson from them, and the fashion of non-observance of the veil is spreading fast like an epidemic. May Allah save us from this evil!

ফুটনোট

[1] সহীহুল বুখারী ৫২৩২, মুসলিম ২১৭২, তিরমিযী ১১৭১, আহমাদ ১৬৮৯৬, ১৬৯৪৫, দারেমী ২৬৪২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=29318

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন